



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
ধানমন্ডি, ঢাকা।



অফিস গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা (নতুন ভবন-নিচতলা, কক্ষ নং-১০৭)

ই-মেইল: tseo.dhanmondi@gmail.com

স্মারক নং- থামাশিঅ/ধানমন্ডি/ঢাকা/২০২২/৫২

তারিখ: ০২/০৩/২০২২ খ্রি:

বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে উপজেলা থেকে শুরু করে জাতীয় পর্যায় পর্যন্ত চিত্রাংকন, কুইজ, সংগীত, নৃত্য ও রচনা প্রতিযোগিতা আয়োজন প্রসংগে।

সূত্র: স্মারক নং- ৩৭.০২.২৬০০.০০০.৩৮.০০১.২১.২৯৮

তারিখ: ০১/০৩/২০২২ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০২. জেলা প্রশাসক, ঢাকা।
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
০৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইসিটি)/সার্বিক, ঢাকা।
০৬. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
০৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষককলেজ/স্কুল এন্ড কলেজ/স্কুল, (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)।
০৮. অফিস কপি।

 ০২.০৩.২০২২

(আবদুল কাহ্নার)

থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
ধানমন্ডি, ঢাকা।

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৭

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮

১৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে উপজেলা থেকে শুরু করে জাতীয় পর্যায় পর্যন্ত চিত্রাংকন, কুইজ, সংগীত, নৃত্য ও রচনা প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০০.৩৩.০০১.২২.৩০৫, তারিখঃ ৩১ জানুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে উপজেলা পর্যায় হতে জাতীয় পর্যায় পর্যন্ত চিত্রাংকন, কুইজ, সংগীত, নৃত্য ও রচনা প্রতিযোগিতা আয়োজনের ক্ষেত্রে নিম্নরূপ সংশোধিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

০২। পর্যায়, গুপ ও বিষয় নির্বেশেষে নিম্ন ছকে বর্ণিত বিষয়বস্তুকে বিবেচনা করতে হবে।

প্রতিযোগিতার বিষয়	বিভিন্ন পর্যায়ের বিষয়বস্তু			
	উপজেলা	জেলা	বিভাগ	জাতীয়
কুইজ (প্রাথমিক/মাধ্যমিক/কলেজ)	বঙ্গবন্ধু	মুক্তিযুদ্ধ	স্বাধীনতা	সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশের অর্জন
সংগীত (প্রাথমিক/মাধ্যমিক/কলেজ)	দেশাত্মবোধক (সাধারণ)	দেশাত্মবোধক (মুক্তিযুদ্ধের গান)	মুক্তিযুদ্ধের গান	মুক্তিযুদ্ধের নূতন গান
নৃত্য (প্রাথমিক/মাধ্যমিক/কলেজ)	সাধারণ নৃত্য (দেশাত্মবোধক)	সাধারণ নৃত্য (মুক্তিযুদ্ধ)	সাধারণ নৃত্য (বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ)	সাধারণ নৃত্য (বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ)
চিত্রাংকন (প্রাথমিক)	বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ	বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ	স্বাধীনতা আমার স্বাধীনতা	স্বাধীনতা আমার স্বাধীনতা
রচনা (মাধ্যমিক/কলেজ)	খোকা থেকে বঙ্গবন্ধু	কিভাবে আমরা স্বাধীনতা পেলাম	বিশ্বনেতা শেখ মুজিব	স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বঙ্গবন্ধুর বাংলাদেশ

০৩। (ক) উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত নিম্নরূপভাবে একটি উপজেলা কমিটি গঠন করতে হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা- সভাপতি

উপজেলা শিক্ষা কর্মকর্তা- সদস্য

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা- সদস্য

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা- সদস্য

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- সদস্য

সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)- সদস্য সচিব

কমিটির কর্মপরিধিঃ (১) উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠানের স্থান নির্ধারণ।

(২) প্রতি গুপের বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করণ।

(৩) কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে সদস্য কো-অপ্ট করণ।

(খ) জেলা পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত নিম্নরূপভাবে একটি জেলা কমিটি গঠন করতে হবে।